



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"রাষ্ট্রপতি বাইডেনের স্টেট অফ দ্য ইউনিয়নের (State of the Union) মূলভাব প্রতিষ্ঠিত হয়েছে আমাদের ভবিষ্যৎ নিয়ে তার আশাবাদী স্বপ্নের উপর, এটি আমাদের দেশ গঠন করা কর্মজীবী এবং মধ্যবিত্ত শ্রেণীর পরিবারসমূহের উন্নতি করে, এবং দেশকে বিভক্ত করে আমাদের পিছনে ঠেলে দেওয়ার প্রচেষ্টায় লিপ্তদের তুলনায় এটি সম্পূর্ণ বিপরীতমুখী। তার নেতৃত্বাধীন, আমরা ঐতিহাসিক কম বেকারত্ব এবং রেকর্ড পরিমাণ কর্মসংস্থান সৃষ্টি, আমাদের অবকাঠামো এবং ভবিষ্যতের শিল্পখাতে নজিরবিহীন বিনিয়োগ, এবং নারীরা যাতে নিজেদের দেহ সম্পর্কে নিজে সিদ্ধান্ত নিতে পারে সেক্ষেত্রে সাহসী সুরক্ষা দেখেছি।

ইউক্রেনের প্রয়াত তার সমর্থন, গণতন্ত্রের প্রতিরক্ষা, এবং আমাদের সীমানা সুরক্ষিত রাখতে তার সাধারণ বুদ্ধির সমাধানের দাবির জন্য আমি রাষ্ট্রপতি বাইডেনের প্রশংসা করছি। আমাদের সীমানা সুরক্ষিত রাখতে এবং অভিবাসী ও আশ্রয় সন্ধানীদের জন্য বৈধভাবে কাজের অনুসন্ধান করার জন্য বৈধ পন্থা তৈরি করতে রাষ্ট্রপতি তার পরিকল্পনা উপস্থাপন করেছেন। এখন আমাদের প্রয়োজন রিপাবলিকানদের কর্তৃক দ্বিপক্ষীয় বিল বর্জনের ইতি টানা এবং নিউ ইয়র্ককে বিহ্বল করা অভিবাসী সঙ্কটের সমাধান করা।

রাষ্ট্রপতি বাইডেন এছাড়াও উপলব্ধি করেন যে আমরা যদি বন্দুক সহিংসতা শেষ না করি তাহলে কী পরিমাণ উচ্চ মূল্য প্রদান করতে হবে। বাড়ির খুব কাছের মর্মান্তিক ঘটনার পর, নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদানের জন্য আমি বলীয়ান বন্দুক আইন পাশ করেছি। কিন্তু কংগ্রেসের রিপাবলিকানরা তা করতে অস্বীকৃতি জানিয়েছে। অর্থহীন বন্দুক সহিংসতা বন্ধ করার এখনই সময়।

রাষ্ট্রপতি বাইডেন একটি স্পষ্ট বার্তা প্রেরণ করেছেন যে ডেমোক্রেটগণ আমেরিকান পরিবারের জন্য লড়াই করছে। আরো বলীয়ান, আরো সমৃদ্ধ নিউ ইয়র্ক গঠনের জন্য তার প্রশাসনের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418